

CHILD SAFETY READY SET SPEAK UP!



YOU HAVE RIGHTS!

Bengali বাংলা

শিশু নিরাপত্তা

যদি কেউ আপনাকে কষ্ট দেয়, বা আপনার সাথে যেভাবে আচরণ করা হচ্ছে তাতে আপনি অসন্তুষ্ট হন, তাহলে কাউকে জানানো সবসময়ই ঠিক!

আপনার অধিকার আছে!

কাউন্সিল প্রোগ্রাম, ইভেন্ট, পরিষেবা বা সুবিধা সম্পর্কে এইভাবে অভিযোগ করবেন

- এমন একজন প্রাপ্তবয়স্কের সাথে কথা বলুন যাকে আপনি বিশ্বাস করেন
- আপনি যখন কোনও কাউন্সিল প্রোগ্রাম, পরিষেবা, ইভেন্ট বা সুবিধায় থাকেন তখন কাউন্সিল কর্মীর সাথে কথা বলুন
- একটি শিশু-নিরাপদ কর্মকর্তাকে কল করুন - 9240 1111 কল করুন এবং সাহায্য চান একজন দোভাষীর যিনি আপনাকে শিশু-নিরাপদ কর্মকর্তার সাথে কথা বলতে সহায়তা করবেন
- ইমেল - আমাদের childsafemerri-bek.gov.au -এ একটি ইমেল প্রেরণ করুন
- টেক্সট - আপনার অভিযোগটি এই নম্বরে 0447 034 922 টেক্সট বা এসএমএস করুন
- আমাদের ওয়েবসাইটে আরও তথ্যের জন্য QR কোডটি স্ক্যান করুন

একজন শিশু-নিরাপদ কর্মকর্তা আপনার অভিযোগের জবাব দেবেন। সমস্ত অভিযোগই হবে:

- ব্যক্তিগত এবং গোপনীয় রাখা
- গুরুত্বসহকারে নেওয়া
- দ্রুত সাড়া দেওয়া

মনে রাখবেন, আপনার বক্তব্য গুরুত্বপূর্ণ। সাহায্য করার জন্যই আমরা এখানে আছি এবং আমরা শুনব এবং কাজ করব।

আরও তথ্যের জন্য, QR কোডটি স্ক্যান করুন বা এখানে সম্পর্ক করুন: merri-bek.vic.gov.au/child-safety

আরও সহায়তার জন্য, আপনি 131 450 এ Kids Helpline Translating and Interpreting পরিষেবার সাথে যোগাযোগ করতে পারেন এবং তাদের আপনার জন্য Kids Helpline -এ কল করতে বলতে পারেন, বা kidshelpline.com.au পরিদর্শন করতে পারেন

আপনি যদি আপনার নিরাপত্তা, বা অন্য কোনও শিশু বা তরুণ ব্যক্তির সুরক্ষার জন্য ভীত হন তবে ড্বিপল জিরো (000) কল করুন এবং পুলিশের সাহায্য চান।

Bengali বাংলা

কাউকে বলার জন্য সাহস লাগে! আপনার বিশ্বাসী একজন প্রাপ্তবয়স্ক আপনাকে সাহায্য করতে পারে, বা আপনার পক্ষে অভিযোগ করতে পারে।

নিরাপদ বোধ করা

- আপনার সর্বদা নিরাপদ এবং সুরক্ষিত বোধ করা উচিত
- আপনি যদি কখনও ভীত, শঙ্কিত, অস্বস্তিকর বা অনিরাপদ বোধ করেন বা আপনি যদি উদ্বিগ্ন হন যে আপনার কোনও বন্ধু অনিরাপদ, তবে আপনি বিশ্বাস করেন এমন একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে বলুন।
- একজন প্রাপ্তবয়স্ক যাই বলুক না কেন, যদি কিছু আপনাকে বিরক্ত করে তবে কখনই এটি গোপন রাখবেন না

আপনার অধিকার আছে:

- নিজের মতো থাকার এবং নিরাপদ বোধ করার
- আপনার অভিযোগকে শোনা হোক, বিশ্বাস করা হোক এবং গুরুত্ব সহকারে বিবেচনা করা হোক
- সন্মানিত থাকা এবং ন্যায্য আচরণ পাওয়া
- নিজের শরীরের কর্তা হওয়া
- ক্ষতি এবং দুর্ব্যবহার থেকে সুরক্ষিত থাকার (আপনাকে আঘাত করতে বা আপনাকে অনিরাপদ বোধ করানোর অধিকার কাউকে দেওয়া হয় নি)
- যে বিষয়গুলি আপনাকে প্রভাবিত করে বা আপনি যেগুলি সম্পর্কে চিন্তা করেন সে সম্পর্কে কথা বলতে সক্ষম হন।
- আপনার চেহারা বা ক্ষমতা যাই হোক না কেন আপনি যেমন তেমনই ভাবে থাকতে এবং অন্তর্ভুক্ত অনুভব করতে পারেন
- আপনার সাংস্কৃতিক পরিচয়কে মূল্যদান এবং সন্মানিত করা
- আপনার গোপনীয়তাকে সন্মানিত করা
- আপনার লৈঙ্গিক পক্ষপাতিত্ব প্রকাশ করা

আপনি অভিযোগ করতে পারেন যদি:

- নিরাপদ বোধ না করেন
- আহত হতে থাকেন
- Merri-bek সিটি কাউন্সিল প্রোগ্রাম, ইভেন্ট, পরিষেবা বা সুবিধা সম্পর্কে উদ্বেগ থাকে
- একজন Merri-bek স্টাফ মেম্বর, বা অন্য কোন ব্যক্তি আপনার সাথে যেভাবে আচরণ করেছে তাতে আপনি অসন্তুষ্ট
- একটি সমস্যা যেভাবে পরিচালনা করা হয়েছে তাতে অসন্তুষ্ট

আমি অভিযোগ করলে কি হবে?

- একজন চাইল্ড সেফ অফিসার আপনার অভিযোগ পাবেন
- আমরা আপনাকে বলব আমরা কি করতে যাচ্ছি
- আপনি প্রশ্ন করতে পারেন, আমরা তাদের উত্তর দেব
- যদি এটি কাজ করতে কিছু সময় নেয়, আমরা আপনাকে আপডেট দেব
- আমরা অভিযোগের পরিচালনা গোপনীয়তার সাথে করি – এর মানে আমরা অন্য লোকেদের বলব না। কিন্তু যদি আপনি বা আপনার পরিচিত কেউ আহত হন বা আঘাত পেতে পারেন, তাহলে আপনাকে বা তাদের রক্ষা করার জন্য আমাদের অন্য কাউকে বলতে হবে